দৈনিক বাংলা
তারিখ 06 JAN 1993
পৃষ্ঠা ৫ কলাম ৬

# পাবনা মেডিক্যাল কলেজ চালু করা হোক

সম্প্রতি পাবনার ঈশ্বরদীতে এক বিশাল জনসভায় মাননীয়া প্রধানমন্ত্রী স্বৈরশাসনামলে বন্ধ করে দেয়া ঈশ্বরদী বিমান বন্দরটি পুনরায় চালু করা হবে বলে উল্লেখ করেছেন। দেশের উত্তর অঞ্চলের জনগণের একটি ন্যায্য দাবী পূরণ হতে যাচ্ছে জেনে এলাকাবাসী বর্তমান সরকারের কাছে চিরকৃতজ্ঞ।

প্রসঙ্গত উল্লেখ্য যে পূর্বতন বিএনপি সরকারের আমলে প্রতিষ্ঠিত ও চালু পাবনা মেডিক্যাল কলেজটি কোন এক অজ্ঞাত কারণে পরবর্তী সরকার (ঈশ্বরদীর বিমান বন্দরটির মতই) একদিন হুট করে বন্ধ করে দেন। আরও পাঁচটি নতুন মেডিক্যাল কলেজ বর্তমানে দেশের বিভিন্ন জেলায় স্থাপিত হলেও পাবনার এক কালের প্রতিষ্ঠিত ও চালু এ কলেজটি পুনরায় চালু করার ব্যবস্থা অদ্যাবধি গৃহীত না হওয়ায় পাবনাবাসী বিস্মিত ও মর্মাহত। তাদের ধারণা ও আশা ছিল, দেশে নতুন করে আরো পাঁচটি মেডিক্যাল কলেজ যেখানে প্রতিষ্ঠিত হয়েছে সে ক্ষেত্রে একদা প্রতিষ্ঠিত এবং বেশ ক বছর চালু কলেজটি পুনরায় চালু করার ব্যবস্থা অবশ্যই গ্রহণ করা হবে। কিন্তু কার্যত তাদের সেই ধারণা ও আশা বাস্তবায়িত হল না এটা তাদের জন্য গভীর হতাশা ও মনোকষ্টের কারণ। আশা করি গণতান্ত্রিক সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাদের এ অনুভূতি যথাযথভাবে উপলব্ধি করবেন। এবং ঈশ্বরদীর বিমান বন্দরটির মতই, স্বৈরশাসন আমলে বন্ধ করে দেয়া পাবনা মেডিক্যাল কলেজটি পুনরায় চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা আশু গ্রহণ করবেন।

আবুতালেব
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭